দৈনিক
ইত্তেফাক

তারিখ 03 AUG 2015
পৃষ্ঠা ৩ কলাম ৭

# দেশের মেডিক্যাল কলেজ হাসপাতালে সেবার মান সন্তোষজনক নয়

সংসদ রিপোর্টার ॥ দেশের মেডিক্যাল কলেজ হাসপাতালগুলোর চিকিৎসার পরিবেশ ও মান নিয়ে প্রশ্ন তুলেছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। দেশের অন্যান্য সরকারী হাসপাতালে চিকিৎসকের অভাব থাকলেও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতালে অতিরিক্ত চিকিৎসক রয়েছে উল্লেখ করে সেবার মান সন্তোষজনক নয় বলে মন্তব্য করেছে কমিটি। এ বিষয়ে একমত প্রকাশ করেছেন স্বাস্থ্যমন্ত্রীও।

রবিবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এ নিয়ে আলোচনা হয়। কমিটির সভাপতি শেখ ফজলুল করিম সেলিমের সভাপতিত্বে বৈঠকে কমিটি সদস্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী জাহিদ মালেক, ইউনুস আলী সরকার, নিজাম উদ্দিন হাজারী, শরিফুল ইসলাম জিন্নাহ ও সেলিনা বেগম এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠকে হাসপাতালের সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সুপারিশ করা হয়েছে। এদিকে ক্যান্সার, হৃদরোগ, স্ট্রোকসহ অসংক্রামক রোগ প্রতিরোধের জন্য হেলথ প্রমোশন ফাউন্ডেশন গঠনের জন্য কমিটির হস্তক্ষেপ কামনা করেছে স্বাস্থ্য ইস্যু নিয়ে কর্মরত সংগঠনের প্রতিনিধিরা।

বৈঠক সূত্রে জানা গেছে, কমিটির কার্যপত্রে হাসপাতালে চিকিৎসার মান নিয়ে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের অসন্তোষের বিষয়টি উঠে আসে। মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর নেতৃত্বে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হাসপাতালে অবকাঠামোগত সুযোগ সুবিধা বহুগুণ বাড়ানো হয়েছে।

## প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সুপারিশ সংসদীয় কমিটির

দেশের অনেক হাসপাতালে চিকিৎসকের অভাব থাকলেও সেখানে অতিরিক্ত চিকিৎসক রয়েছে। অথচ এরপরও সেবার মান সন্তোষজনক নয়। এটি বঙ্গবন্ধুর নামের সঙ্গে জড়িত প্রতিষ্ঠানটির মর্যাদা ক্ষুণ্ন করে। বিষয়টি নতুন উপাচার্যকে গুরুত্বের সঙ্গে দেখতে পরামর্শ দেন মন্ত্রী।

বৈঠকে গোপালগঞ্জ ইডিসিএল (এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানি লিমিটেড)-এর বিল্ডিং নির্মাণ কাজ সমাপ্তের পূর্বেই কারখানার জন্য প্রয়োজনীয় মানসম্মত যন্ত্রপাতি ক্রয় করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সুপারিশ করা হয়। এছাড়া পরিবার পরিকল্পনা অধিদফতরের জনবল নিয়োগের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়।

এদিকে রবিবার দুপুরে ক্যান্সার, হৃদরোগ, স্ট্রোকসহ অসংক্রামক রোগ প্রতিরোধের জন্য হেলথ প্রমোশন ফাউন্ডেশন গঠনের জন্য কমিটির হস্তক্ষেপ কামনা করে স্বাস্থ্য ইস্যু নিয়ে কর্মরত সংগঠনের প্রতিনিধিরা কমিটির সভাপতি শেখ সেলিমের সঙ্গে সাক্ষাত করেন। সে সময় আন্তর্জাতিক সংস্থা দি ইউনিয়ন-এর কারিগরি পরামর্শক সৈয়দ মাহবুবুল আলম, প্রটেক্ট টু জার্নালিস্ট-এর নির্বাহী পরিচালক নিখিল ভদ্র, ডব্লিউবিবি ট্রাস্ট-এর সিনিয়র প্রকল্প কর্মকর্তা নাজনীন কবীর ও মিডিয়া এ্যাডভোকেসি অফিসার সৈয়দ সাইফুল আলম উপস্থিত ছিলেন।

সভাপতির কাছে উত্থাপিত লিখিত প্রস্তাবনায় বলা হয়, ২০১১ সালের স্বাস্থ্য নীতিতে রোগ প্রতিরোধ ব্যবস্থাকে গুরুত্ব দেয়া হয়েছে। আর সেটা করতে হলে হেলথ প্রমোশন ফাউন্ডেশন গঠন করতে হবে। ইতোমধ্যে বিশ্বের ২৩টি দেশে এই ফাউন্ডেশন গঠন করা হয়েছে। আরও বলা হয়, সরকারী ও বেসরকারী কার্যক্রমে সমন্বয় সাধারণের জন্য এই ফাউন্ডেশন বিশেষ ভূমিকা রাখতে পারে। ফাউন্ডেশনের মাধ্যমে রোগ প্রতিরোধে আর্থিক ও কারিগরি যোগান নিশ্চিত করা সম্ভব। সংসদীয় কমিটি এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নেবে বলে বৈঠকে উপস্থিত প্রতিনিধিরা আশা প্রকাশ করেন।

প্রতিনিধিদের বক্তব্যের সঙ্গে একমত প্রকাশ করেন সংসদীয় কমিটির সভাপতি।